দৈনিক ইত্তেফাক

272

তারিখ ... SEP 23 1999 ...
পৃষ্ঠা ১ কলাম 8 ......

# বকশীবাজারে ছাত্র-পুলিশ সংঘর্ষ ॥ হোটেল ভাংচুর, ক্যাশ লুট

*ইত্তেফাক রিপোর্ট ঃ গতকাল (বুধবার) বকশীবাজার মোড়ে একটি খাবার হোটেলে এক অপ্রীতিকর ঘটনাকে কেন্দ্র করিয়া পুলিশ ও আলিয়া মাদ্রাসার ছাত্রদের মধ্যে ব্যাপক সংঘর্ষ হয়। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনিতে গুলীবর্ষণ ও কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। এই ঘটনায় উক্ত হোটেলটি ভাংচুর ও ক্যাশ লুট করা হয়।*

*পুলিশ জানায়, দুপুরে আলিয়া মাদ্রাসার কয়েকজন ছাত্র এক বান্ধবীকে নিয়া উক্ত হোটেলে যায়। খাবার সরবরাহ করিতে বিলম্ব* *(২য় পৃঃ ৭-এর কঃ দ্রঃ)*

## বকশীবাজারে

(১ম পৃঃ পর)

হওয়ায় তাহারা উত্তেজিত হইয়া পড়ে। পাশে অবস্থানরত অন্যান্য খদ্দের ছাত্রদের শান্ত হওয়ার জন্য অনুরোধ জানায়। ইহাতে ছাত্ররা ক্ষিপ্ত হইয়া ২ জন খদ্দেরকে মারধর করে। ইহাতে দোকান মালিক বাধা দিলে ছাত্ররা অস্ত্র দেখাইয়া হোটেল হইতে বাহির হইয়া যায়। আধঘন্টা পর আলিয়া মাদ্রাসার ২০/২৫ জনের একদল ছাত্র পুনরায় হোটেলে আসিয়া হামলা চালায় এবং ব্যাপক ভাংচুর করে। তাহারা ক্যাশ হইতে নগদ ১০ হাজার টাকা ছিনাইয়া নেয়। সংবাদ পাইয়া লালবাগ থানার পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়। ঐ সময় ছাত্ররা ভাংচুর ও ক্যাশ লুট করিয়া বাহির হইতেছিল। পুলিশ সম্মুখে আসার সঙ্গে সঙ্গে তাহারা গুলীবর্ষণ শুরু করিয়া দেয়। পুলিশ পাল্টা গুলীবর্ষণ ও কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। উভয় পক্ষের মধ্যে প্রায় ৪৫ মিনিট ধাওয়া, পাল্টা-ধাওয়া চলে। এই ঘটনায় ৫ জন আহত হয়। আহতদের চিকিৎসার জন্য হাসপাতালে স্থানান্তর করা হয়। সংঘর্ষকালে বকশীবাজার মোড়ে বেলা দেড়টা হইতে আড়াইটা পর্যন্ত যানবাহন চলাচল বন্ধ ছিল। হামলাকারীরা ছাত্রলীগ কর্মী বলিয়া পুলিশ জানায়। এই ব্যাপারে আসামীদের নাম উল্লেখ করিয়া লালবাগ থানায় মামলা হইয়াছে।